Australian Government
Immigration Assessment Authority

# ইমিগ্রেশন অ্যাসেসমেন্ট অথরিটি (অভিবাসন নির্ধারণ কর্তৃপক্ষ) সম্পর্কে আপনার কি জানা থাকা দরকার

## আইএএ (IAA) এর কাজ কি?

দ্যা মাইগ্রেশন অ্যাক্ট ১৯৫৮ (দ্যা অ্যাক্ট)এর অধীনে ইমিগ্রেশন অ্যাসেসমেন্ট অথরিটি (দ্যা আইএএ) প্রতিষ্ঠিত। আমরা ইমিগ্রেশন এন্ড বর্ডার প্রোটেকশনের মন্ত্রী (দ্যা মিনিষ্টার) কর্তৃক নেওয়া সুনির্দিষ্ট কিছু সিদ্ধান্ত দ্রুত ধারায় পুনর্বিবেচনা করার জন্য ক্ষমতাপ্রাপ্ত একটি স্বতন্ত্র প্রতিষ্ঠান। এই সিদ্ধান্তগুলো হল ফাস্ট ট্র্যাক (দ্রুত কার্যপন্থা ধারার) আবেদনকারী হিসাবে পরিচিত আবেদনকারীদের প্রোটেকশন ভিসা দিতে মন্ত্রী অস্বীকার করেছেন। আপনি একজন ফাস্ট ট্র্যাক (দ্রুত কার্যপন্থা ধারার) আবেদনকারী হিসাবে বিবেচিত হবেন যদি আপনি ২০১২ সালে ১৩ অগাষ্টে অথবা তার পরে কিন্তু ১লা জানুয়ারী ২০১৪ এর পূর্বে বৈধ ভিসা ছাড়া নৌকায় (boat) করে অষ্ট্রেলিয়ায় এসেছেন এবং অষ্ট্রেলিয়ায় প্রোটেকশন ভিসা আবেদনের জন্য মন্ত্রী কর্তৃক অনুমতি পেয়েছেন। আপনি একজন ফাস্ট ট্র্যাক (দ্রুত কার্যপন্থা ধারার) আবেদনকারী হিসাবেও বিবেচিত হতে পারেন যদি মন্ত্রী কর্তৃক ঘোষিত একটি নির্দিষ্ট শ্রেনীর ব্যাক্তি হন।

কিছু ফাস্ট ট্র্যাক আবেদনকারী আইএএ কর্তৃক পুনর্বিবেচনার জন্য উপযুক্ত বলে বিবেচিত হবেন না। আপনার প্রোটেকশন ভিসার আবেদন প্রত্যাখ্যাত হলে স্বরাষ্ট বিভাগ (Department of Home Affairs) (দ্যা ডিপার্টেমেন্ট) আপনাকে জানাবে যে আপনি আইএএ কর্তৃক পুনর্বিবেচনার জন্য উপযুক্ত কি না।

ফাস্ট ট্র্যাক আবেদনকারীদের থেকে আইএএ সরাসরি পুনবিবেচনার জন্য কোন আবেদন গ্রহন করে না। আপনি যদি ফাস্ট ট্র্যাক আবেদনকারী হন এবং আপনার প্রোটেকশন ভিসার আবেদন প্রত্যাখ্যাত হয়েছে এবং যদি আপনি পুনর্বিবেচনার জন্য উপযুক্ত হন, তবে ডিপার্টমেন্ট স্বয়ংক্রিয়ভাবে আমাদের কাছে প্রেরন করবে।

## আইএএ (IAA) কি ধরনের সিদ্ধান্ত নিতে পারে?

আইএএ দু ধরনের সিদ্ধান্ত নিতে পারে। প্রোটেকশন ভিসা না দেওয়ার ব্যাপারে আমরা ডিপার্টমেন্টের সিদ্ধান্তের সাথে একমত হতে পারি অথবা আপনার কেসটাকে আরও বিবেচনার জন্য ডিপার্টমেন্টের কাছে ফেরত পাঠাতে পারি, কারন, উদাহরনস্বরুপ আমরা মনে করি যে আপনি একজন শরণার্থী (Refugee) । আইএএ এর প্রোটেকশন ভিসা দেওয়ার ক্ষমতা নেই।

ডিপার্টমেন্ট কর্তৃক আপনার অবেদন বাতিলের সময় ডিপার্টমেন্টের কাছে আপনার সম্পর্কে যে সমস্ত তথ্য ছিল আমরা শুধুমাত্র সেই সব তথ্যগুলো বিবেচনা করব, যার ব্যতিক্রম - নতুন তথ্য সীমিত পরিস্থিতিতে আমরা বিবেচনা করতে পারি ।

ডিপার্টমেন্ট কর্তৃক আপনার ফাইল আইএএ (IAA) কাছে পাঠানো হলে, আমরা আমাদের সিদ্ধান্ত এবং এ ধরনের সিদ্ধান্তের কারন সম্পর্কে আপনার সাথে সরাসরি যোগাযোগ করব।

দ্যা অ্যাক্ট বা আইনটিতে প্রোটেকশন ভিসা পাওয়ার শর্তাবলী উল্লেখ করা আছে। বেশিরভাগ ক্ষেত্রে, প্রাথমিক বিষয় হল আপনি শরনার্থী (Refugee) কিনা অথবা, অন্যথায়, অষ্ট্রেলিয়া থেকে অন্য কোন দেশে পাঠানো হলে আপনার গুরুতর ক্ষতির সত্যিকারের কোন ঝুকি আছে কিনা।

আপনার পরিবারের অন্য সদস্যগন যদি আপনার আবেদনের সাথে অন্তর্ভুক্ত থাকে, তবে সবার কেসগুলো একসাথে বিবেচনা করার উদ্যোগ নেব।

## পুনর্বিবেচনার জন্য কত সময় লাগতে পারে?

যেহেতু প্রতিটি কেসই ভিন্ন ধরনের, কতদিন সময় লাগতে পারে তা বলা কঠিন। বেশিরভাগ কেসগুলো পুর্নবিবেচনা ছয় সপ্তাহের মধ্যে শেষ করাই আইএএ এর লক্ষ্য, তবে পুনর্বিবেচনায় কতদিন লাগবে তা বিভিন্ন বিষয়ের উপর নির্ভর করে।

## আমার কেসের কি তথ্য আইএএ এর কাছে আছে?

ডিপার্টমেন্টের বিবেচনায়, ডিপার্টমেন্ট আপনার কেসের সাথে সম্পর্কযুক্ত সমস্ত নথি আইএএ কে সরবরাহ করবে। প্রোটেকশন ভিসার দরখাস্ত করার সময় আপনি যে সমস্ত দলিল দস্তাবেজ ডিপার্টমেন্টকে দিয়েছিলেন সেগুলো সহ। সাধারণত, কেবলমাত্র ডিপার্টমেন্ট কর্তৃক প্রদত্ত তথ্যগুলোকে ভিত্তি করেই আমরা পুনর্বিচার নির্বাহ করব।

## আমি কি আইএএ কে নতুন কোন তথ্য দিতে পারি?

বিশেষ পরিস্থিতিতে যদি নতুন তথ্য নেওয়া ন্যায়সংগত হয়, শুধুমাত্র সেই ক্ষেত্রে আমরা নতুন তথ্য বিবেচনা করি। নতুন তথ্য হল সেই তথ্যগুলো যদি আপনার কেসের সাথে সম্পর্কিত হয় এবং ডিপার্টমেন্টের সিদ্ধান্ত গ্রহনের সময় এইগুলো ডিপার্টমেন্টের কাছে ছিল না।

আপনি যদি নতুন কোন তথ্য আমাদের বিবেচনা করতে বলেন, তবে অবশ্যই আপনাকে ব্যাখা দিতে হবে কেন এই তথ্যগুলো:

- ডিপার্টমেন্ট আপনার প্রোটেকশন ভিসা প্রত্যাখান করার আগে কেন এইগুলো জমা দিতে পারেন নাই
- আপনার এমন কোন বিশ্বাসযোগ্য তথ্য যা ডিপার্টমেন্টের জানা থাকলে হয়তো ডিপার্টমেন্টের সিদ্ধান্তকে প্রভাবিত করতে পারত।

এই ব্যাখা ৫ পৃষ্ঠার বেশী হতে পারবে না এবং আপনি আমাদের যে নতুন তথ্য দিতে চান তা এর সাথে সংযুক্ত থাকতে হবে।

**দয়া করে লক্ষ্যে রাখুনঃ**

- আপনাকে অবশ্যই ব্যাখ্যা করতে হবে যে কেন আপনার প্রদানকৃত নতুন তথ্যগুলো আপনার কেসের সাথে সম্পর্কিত।
- আপনি যদি কোন গণমাধ্যমের সংবাদ প্রতিবেদন (মিডিয়া রিপোর্ট) অথবা আপনার দেশ সম্পর্কিত কোন রিপোর্ট প্রদান করেন, তবে রিপোর্টটির সুত্র আপনাকে অবশ্যই উল্লেখ করতে হবে।
- আপনাকে অবশ্যই রিপোর্টের কপি অথবা সংশ্লিষ্ট উদ্ধৃত অংশের অনুলিপি দিতে হবে। সর্বজনীন ভাবে লভ্য রিপোর্ট অথবা সর্বজনীন ভাবে লভ্য হাইপারলিংক ওয়েভ এর রিপোর্টসমূহ এর তালিকা, আমরা গ্রহণ করব না।
- আপনি যে সকল দলিল-দস্তাবেজ পাঠাবেন যা ইংরেজিতে নয়, তার সাথে নাটি স্বীকৃত ( NAATI Accredited নাটি অ্যাক্রিডিটেট) অনুবাদক দ্বারা ইংরেজি অনুবাদ সংযুক্ত করে দিতে হবে। অনুবাদ প্রদান না করা হলে, আমরা দস্তাবেজটি বিবেচনা করতে সক্ষম নাও হতে পারি।

ডিপার্টমেন্ট কর্তৃক আপনার কেস আমাদের কাছে পাঠানোর অবশ্যই ২১ দিনের মধ্যে নতুন তথ্য আমাদের কাছে জমা দিতে হবে যদিও আমরা তা চেয়ে না থাকি।

খুবই সীমিত কিছু পরিস্থিতিতে, আমরা আপনার কেস সম্পর্কিত নতুন তথ্য বা মন্তব্য লিখিতভাবে জমা দেয়ার জন্য অথবা ইন্টারভিউর জন্য আমন্ত্রন জানাতে পারি।

## আইএএ তে আমি কি কোন যুক্তি -মতামত ( Submission) পেশ করতে পারি?

আপনি লিখিতভাবে যুক্তি – মতামত পেশ করতে পারেনঃ

- আপনি কেন ডিপার্টমেন্টের সাথে দ্বিমত পোষন করছেন, এবং
- ডিপার্টমেন্টের কাছে দাবী বা কোন বিষয় উপস্থাপন করেছিলেন যা ডিপার্টমেন্ট বিবেচনা করে নি।

আপনার যুক্তি -মতামত অবশ্যই সংক্ষিপ্ত হতে হবে। এটা অবশ্যই ৫ পৃষ্ঠার বেশী হতে পারবে না এবং ডিপার্টমেন্ট কর্তৃক আপনার কেস আমাদের কাছে পাঠানোর ২১ দিনের মধ্যে আমাদের কাছে পেশ করতে হবে।

## আইএএ কাছে আছে এমন তথ্যসমূহ কি আমি পেতে পারি?

আপনার কেস সম্পর্কিত যে সব তথ্য আইএএ এর কাছে, কিছু বিধি নিষেধ ছাড়া, তা পেতে ফ্রিডম অব ইনফরমেশন অ্যাক্ট ১৯৮২ অনুযায়ী আপনি অনুরোধ করতে পারেন। যদি আমরা কোন তথ্য প্রকাশে অপরাগ হই,

তবে কেন পারব না তা আমরা আপনাকে জানাব। আপনাকে যে কোন ডকুমেন্ট না দেওয়ার ব্যাপারে আমাদের সিদ্ধান্ত পুর্নবিবেচনার জন্য আপনি কি করতে পারেন সে ব্যাপারে আমরা আপনাকে পরামর্শ দিব। তথ্য পাবার ব্যাপারে আরও বিস্তারিত আমাদের ওয়েব সাইট www.iaa.gov.au পাওয়া যাবে।

## আইএএ কিভাবে আমার সাথে যোগাযোগ করবে?

আইএএ সাধারনত আপনার সাথে ইমেলের মাধ্যমে যোগাযোগ করবে। আমরা অবশ্য আপনার সাথে টেলিফোনেও যোগাযোগ করতে পারি। আপনি নিজের কাছে চিঠিপত্র প্রেরণ করতে মনঃস্থ করতে পারেন , অথবা আপনার পক্ষে চিঠিপত্র গ্রহণের জন্য অন্য একজনকে নিয়োগ দিতে পারেন (ঐ ব্যাক্তি আপনার অনুমোদিত প্রাপক হিসাবে বিবেচিত হবেন)। আপনি যদি একজন অনুমোদিত প্রাপক নিয়োগ দেন, তবে আমরা তার কাছে সমস্ত চিঠিপত্র পাঠাব।

ডিপার্টমেন্ট থেকে চিঠিপত্র গ্রহণের জন্য আপনি অন্য কোন ব্যাক্তিকে নিয়োগ দিয়ে থাকলে, উক্ত নিয়োগ আইএএ রিভিউ এর ক্ষেত্রে কার্যকরী হবে না। আপনি যদি চান অন্য ব্যক্তি আপনার পক্ষ থেকে আমাদের কাছ থেকে চিঠিপত্র গ্রহণ করুক, তবে ঐ ব্যাক্তির নাম ও যোগাযোগের বিস্তারিত আমাদের জানাতে হবে।

আপনার যোগাযোগের ঠিকানা ও ফোন নাম্বার পরিবর্তন হলে, যদি আপনার অনুমোদিত প্রাপক থাকে এবং তার যোগাযোগের ঠিকানা ও ফোন নাম্বার পরিবর্তন হলে, তা অতি সত্বর আমাদের জানাতে হবে। যে কোন পরিবর্তন, আপনার অনুমোদিত প্রাপক (যদি থেকে থাকে) এবং ডিপার্টমেন্ট কে আপনার জানানো উচিত। আপনি আমাদের সাথে ইমেল iaa@iaa.gov.au অথবা টেলিফোন ১৮০০ ২০৫ ৯১৯ এ যোগাযোগ করতে পারেন।

## পরামর্শ, সহায়তা এবং প্রতিনিধিত্ব

আইএএ এর কার্যপদ্ধতি সহজভাবে পরিকল্পিত হয়েছে যেন পেশাগত উপদেশ বা পরামর্শ নেওয়ার উপর ফলাফল নির্ভরশীল নয়। যাই হউক, ব্যাপক পরিসরে আপনি বিভিন্ন সংগঠন এবং ব্যাক্তিবর্গের কাছ থেকে পরামর্শ ও সহায়তা নিতে পারেন। আমরা কোন নির্দষ্ট সেবা প্রদানকারীর ব্যাপারে অনুমোদন বা সুপারিশ করি না। কাউকে নির্বাচন করার সময় আপনার সতর্কতা অবলম্বন করা উচিত, এবং প্রশ্ন করে জেনে নেওয়া উচিত হবে যে তারা রেজিষ্ট্রারড (নিবন্ধিত) মাইগ্রেশন এজেন্ট কিনা, একজন অস্ট্রেলিয়ান আইনজীবী কিনা অথবা অন্যভাবে আইনগতভাবে সহায়তা করার যোগ্য কি না।

মাইগ্রেশন এজেন্টস রেজিষ্ট্রেশন অথরিটি এর ওয়েবসাইট (www.mara.gov.au) এ মাইগ্রেশন এজেন্ট খুজে পাওয়া এবং তাদের সেবা কিভাবে পাওয়া যাবে সে সর্ম্পকিত তথ্য আছে। বিভিন্ন ভাষায় এই তথ্য পাওয়া যাবে। নির্দিষ্ট কোন মাইগ্রেশন এজেন্ট রেজিষ্ট্রিকৃত (নিবন্ধিত) কিনা তাও জানা যাবে।

একজন অস্ট্রেলিয়ান আইনজীবীর সন্ধান পাওয়া এবং তার সেবা গ্রহণ বিষয় এর তথ্যাবলী সংশ্লিষ্ট রাষ্ট্র (ষ্টেট State) এবং সরকারের অধীন ভূখণ্ড/ অঞ্চল (টেরিটরি Territory) এর আইনি পেশাদার নিয়ন্ত্রক কর্তৃপক্ষের (ষ্টেট এন্ড টেরিটরি লিগ্যাল

প্রফেশনাল রেগুলেটরি অথোরিটিস State and Territory legal professional regulatory authorities) কাছ থেকে পাওয়া যাবে যা আমাদের ওয়েবসাইটে (www.iaa.gov.au) তালিকাভুক্ত।

আইএএ এর সাথে কাজ করার সময় অন্য কেহ আপনার প্রতিনিধি হিসাবে কাজ করতে পারে। একজন প্রতিনিধি আপনার পক্ষে আমাদের সাথে যোগাযোগ করতে পারে এবং আপনার কেস সম্পর্কিত আমাদের কাছে থাকা দলিল দস্তাবেজ চাইতে পারে। সাধারণত, একজন ব্যাক্তিই একই *সাথে* প্রাতনিধি ও অনুমোদিত প্রাপক হিসাবে নিযুক্ত হয়ে থাকেন / আপনার যদি কোন প্রতিনিধি থেকে থাকে, তবে অতিসত্বর আমাদের জানানো আপনার উচিত হবে।

## আমার যদি অভিযোগ থেকে থাকে, তবে আমি কি করব?

আইএএ এর সেবা প্রদানের মান সম্পর্কে আপনার কোন মন্তব্য বা অভিযোগ থাকেলে, তবে কিভাবে অভিযোগ করা যাবে তার নির্দেশনার জন্য দয়া করে আমাদের ওয়েবসাইট (www.iaa.gov.au) এ দেখুন।